দৈনিক সংবাদ

16

তারিখ 01 JUL 1996
পৃষ্ঠা 2 কলাম 2

# খাগড়াছড়িতে নামমাত্র সরব

রামগড় সংবাদদাতা ।। পার্বত্য খাগড়াছড়ি জেলার আটটি থানায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ১ম হইতে ৫ম শ্রেণীর নির্ধারিত পাঠ্যপুস্তক এখনও আদৌ পর্যাপ্ত মাত্রায় সরবরাহ করা হয় নাই। বিনামূল্যের সরকারী বইও তেমন মিলে নাই।

জেলার প্রত্যন্ত অঞ্চলের মাটিরাঙ্গা থানায় পানছড়ি, দীঘিনালা, মহালছড়ি, লক্ষ্মীছড়ি, মানিকছড়ি ও রামগড় পার্বত্য থানা শিক্ষা অফিসের সহিত যোগাযোগ করিয়া জানা যায়, ছাত্র-ছাত্রীর প্রয়োজনীয় তুলনায় প্রথম শ্রেণী হইতে পঞ্চম শ্রেণী পর্যন্ত অত্যন্ত কমসংখ্যক পাঠ্যবই সরবরাহ হইয়াছে। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ছাত্র-ছাত্রীদের বাধ্য

## খাগড়াছড়িতে

(৩য় পৃঃ পর)

হইয়াছে। চতুর্থ শ্রেণীর নতন কোন পাঠ্যবই বিদ্যালয়ে সরবরাহ হয় নাই বলিয়া বিভিন্ন প্রত্যন্ত অঞ্চলের বিদ্যালয় সূত্রে জানা গিয়াছে। পাঠবইবিহীন অনেক প্রাথমিক বিদ্যালয়ের কোমলমতি শিশুগণ শুধু একটা খাতা নিয়া বিদ্যালয়ে আসা-যাওয়া করিতে দেখা যায়।

ছাত্র-ছাত্রীদের সংখ্যার অনুপাতে জেলার সর্বত্র পাঠপুস্তক সরবরাহ না হওয়াতে পার্বত্য অঞ্চলে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চরমভাবে অবনতি ঘটিয়াছে। এই ব্যাপারে অভিভাবক মহল চরম উদ্বেগ ও উৎকণ্ঠা প্রকাশ করিয়াছেন। ভারপ্রাপ্ত জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সূত্রে জানা যায়, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃপক্ষের কাছে এবং বিভাগীয় সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছেও পাঠ্যবই সরবাহের জন্য বহুবার চিঠি দেওয়া হইয়াছে।